দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়ন কমিটি গঠন

দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়নের ত্রিবার্ষিক কমিটি গঠন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টায় দর্শনা পৌর কার্যালয়ে কর্মচারী ইউনিয়নের সভাপতি আরিফিনের সভাপতিত্বে এ কমিটি গঠনের কার্যক্রম অনুষ্ঠিত হয়।

গত বছরের আয়-ব্যয়ের হিসাব প্রদান করেন ক্যাশিয়ার মমিনুল ইসলাম। অনুষ্ঠানে আলোচনা করেন কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, সাংগঠনিক সম্পাদক জাহিদুল ইসলাম, সহ-সভাপতি আব্দুর রাজ্জাক, সাবেক সভাপতি সরওয়ার হোসেন, উচ্চমান সহকারী শাহ আলম, লাইসেন্স পরিদর্শক মমিনুল ইসলাম, প্রধান সহকারী রুহুল আমিন প্রমুখ।

আলোচনা শেষে দর্শনা পৌরসভার কর্মচারী ইউনিয়নের ত্রিবার্ষিক নির্বাচনে সর্বসম্মতিক্রমে আরিফিন হোসেনকে সভাপতি ও হারুন অর রশিদকে সাধারণ সম্পাদকসহ পূর্বের কমিটিকে আবারও ৩ বছরের জন্য দায়িত্ব প্রদান করা হয়।

দর্শনায় পৃথক দুই স্থানে দর্শনা মুক্ত দিবস পালিত

দর্শনায় পৃথক দুইটি স্থানে ৪ ডিসেম্বর দর্শনা মুক্ত দিবস পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় দর্শনা পৌর কমান্ডের উদ্যোগে দর্শনা পুরাতন বাজার মুক্তিযোদ্ধা কার্যালয়ের সামনে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা এবং মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হয়।

পরে মুক্তিযোদ্ধারা একটি র্যালি নিয়ে দর্শনা কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন। জাতীয় পতাকা উত্তোলন করেন

দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা হাফিজুল ইসলাম এবং দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান খাজা আবুল হাসনাত। মুক্তিযোদ্ধা পতাকা উত্তোলন করেন দর্শনা পৌর কমান্ডের বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক ও দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট।

এসময় আরও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী, বদরুল আলম ফিট্টু, জাকির হোসেন, সিরাজুল ইসলাম, আব্দুল হাকিম, আব্দুল বারিক, আনিছ উদ্দিন ও মনিরুজ্জামান।

এছাড়া বিকাল সাড়ে ৩টায় দর্শনা মুক্তমঞ্চে গণতান্ত্রিক যুক্তফ্রন্ট দর্শনা শাখার উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মুক্ত দিবস উপলক্ষে আয়োজিত আলোচনায় সভাপতিত্ব করেন বাংলাদেশ কমিউনিস্ট পার্টির দর্শনা শাখার সাধারণ সম্পাদক এ কে এম রবিউল আলম। প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ কমিউনিস্ট পার্টির চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি, বাংলাদেশ জাসদের জেলা কমিটির সভাপতি ও কেন্দ্রীয় কমিটির স্থায়ী সদস্য।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা আব্দুল খালেক, বীর মুক্তিযোদ্ধা হাফিজুল আলম, বীর মুক্তিযোদ্ধা বিল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হান্নান প্রমুখ।

দর্শনায় তীরধান দিবস ও লোকসংস্কৃতি বাউল মেলার উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় মরমী সাধক আফতাব শাহ স্মরণে ২৬তম তীরধান দিবস ও ৪ দিনব্যাপী লোকসংস্কৃতি (বাউল মেলা) উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৭টার দিকে আকন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর আগে বিকাল

থেকে সন্ধ্যা পর্যন্ত গ্রাম বাংলার ঐতিহ্যবাহী লাঠিখেলা, হাডুডু খেলাসহ আরও কয়েকটি খেলা প্রদর্শন করা হয়। এসব খেলা দেখতে মেলার মাঠে হাজারো নারী-পুরুষ ও শিশু-কিশোরের ভিড় জমে।

উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠানে দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও বেগমপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা খাঁজা আবুল হাসনাত। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সমন্বয়ক আলহাজ্ব মো. মশিউর রহমান।

অতিথিরা বলেন, আকন্দবাড়িয়া বাউল পরিষদের এই আয়োজন সত্যিই প্রশংসনীয়। এই অনুষ্ঠান বাংলার ইতিহাস ও ঐতিহ্য ধরে রেখেছে, যা বর্তমান সময়ে খুবই বিরল। প্রতি বছরের মতো এবারও বাউল মেলা ও লোকজ সংগীতের আয়োজন করা হয়েছে, যেখানে রয়েছে বাউল সংগীত, যারি গান, যাত্রাপালা, লাঠিখেলা এবং বিভিন্ন স্টলসহ দেশের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের পরিচয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আয়োজক কমিটির সভাপতি, বিশিষ্ট বাউল শিল্পী ও সিনিয়র সাংবাদিক মনিরুজ্জামান ধীরু।

আজ দর্শনা মুক্ত দিবস

আজ ভয়াল ৪ ডিসেম্বর, দর্শনা মুক্ত দিবস। ১৯৭১ সালের এ দিনে দর্শনাকে মুক্ত করতে মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনী যৌথভাবে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে রাতভর যুদ্ধ করে। ভোর সাড়ে ৬টার দিকে দর্শনা সম্পূর্ণভাবে মুক্ত হয়।

১৯৭১ সালের ৩ ডিসেম্বর বাড়াদির অপার ভারত ক্যাম্পে অবস্থানরত মুক্তিযোদ্ধারা প্রয়োজনীয় গোলাবারুদ নিয়ে রাতের খাবার খেয়ে রওনা দেন। এরপর বাংলাদেশ সীমান্তের নাস্তিপুর মাঠে এসে যুদ্ধের সকল প্রস্তুতি নিয়ে পাকবাহিনীর বিরুদ্ধে অগ্রসর হন।

# [redacted]

[redacted]

দর্শনায় বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া

চুয়াডাঙ্গার দর্শনায় পৌর যুবদলের আয়োজনে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার আসরের নামাজের পর দর্শনা মুক্তমঞ্চে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে দলের নেতাকর্মীরা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি ও সুস্থতা কামনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, অন্যতম সমন্বয়ক মো. মশিউর রহমান, সমন্বয়ক মাহবুব উল ইসলাম খোকন, সমন্বয়ক লুৎফর রহমান, সমন্বয়ক ইকবাল হোসেন, সমন্বয়ক মোমিনুল ইসলাম, দর্শনা পৌর যুবদলের আহ্বায়ক ফারুক হোসেন, সদস্য সচিব জালাল উদ্দীন, যুগ্ম আহ্বায়ক জাহান আলী, যুগ্ম আহ্বায়ক আপু সুলতান, যুবদল নেতা রাকিবুল ইসলাম ব্রাইট, কৃষকদল নেতা হাতেম আলী, স্বেচ্ছাসেবক দলের মান্নান মাস্টার, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মুফা, সাধারণ সম্পাদক পলাশ, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদসহ দলের অন্যান্য নেতাকর্মীবৃন্দ।

দর্শনা রেলবাজারে ধানের শীষের প্রচারণা অফিস উদ্বোধন ও

দোয়া মাহফিল

দর্শনা রেলবাজার যুবদল নেতাকর্মীদের উদ্যোগে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর ধানের শীষ প্রতীকের নির্বাচনী প্রচারণা অফিস উদ্বোধন ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে রেলবাজার এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য ও বিএনপির সাবেক সভাপতি হাজী খন্দকার শওকত আলী। উদ্বোধন শেষে দোয়া মাহফিলে অংশ নিয়ে তিনি বলেন, “দেশনেত্রী বেগম খালেদা জিয়া আমাদের দলের অভিভাবক, আমাদের মা। দেশের গণতন্ত্রের জন্য তিনি দীর্ঘদিন নির্যাতন–জুলুম সহ্য করেছেন, তবুও দেশ ছেড়ে যাননি। একাধিকবার জেল খেটেছেন, স্বৈরশাসন তাকে নিশ্চুপ করতে চেয়েছে, এমনকি চিকিৎসা থেকেও বঞ্চিত হয়েছেন। আমরা সবাই তার দ্রুত আরোগ্যের জন্য আন্তরিকভাবে দোয়া করি। আল্লাহ যেন তাকে সুস্থ করে আমাদের মাঝে ফিরিয়ে দেন।”

উদ্বোধন ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির নবনির্বাচিত সভাপতি তোফাজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, সাবেক ওলামা দল সভাপতি ওমর আলী, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম মিঠু, পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম চঞ্চল, সেলিম মাহফুজ মিলটন, জিয়াউল হক শাহীন, সেলিম মাহমুদ লিটন, নাসির উদ্দিন, কালু মিয়া, হানিফ, জিনারুল, আরিফ, মাসুদ, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মান্নান মাস্টার, যুগ্ম আহ্বায়ক সজীব আহমেদ ও শাকিল খন্দকার, পৌর ছাত্রদল নেতা রানা এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা এবং বিএনপি প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী সাফল্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

দর্শনায় স্বাদ ও সংস্কৃতি মিলনে ৬ষ্ঠ বার্ষিকী পিঠা উৎসব অনুষ্ঠিত

দর্শনায় “শীতের দুয়ার, লাগলোরে ধুম, পিঠা খাওয়ার” শ্লোগানকে সামনে রেখে ৬ষ্ঠ তম পিঠা উৎসব অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি গতকাল সকাল ১০টায় দর্শনা পুরাতন বাজার সোসাইট চত্বরে অনুষ্ঠিত হয়। দর্শনা ওমেন্স ক্লাবের আয়োজনে এই উৎসবের উদ্বোধন করেন তানজিনা মিলি, দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটি সদস্য ও দর্শনা সরকারি কলেজের সাবেক জিএস এনামুল হক শাহ (মুকুল), প্রথম আলোর সাংবাদিক শাহ আলম সনি এবং বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু।

দ্বিতীয় পর্বে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্টল প্রদর্শনী, নৃত্য, দেশাত্মবোধক গান এবং লোক সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের ভিড় জমে। পুরস্কার বিতরণ করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক বিএনপি নেতা ইকবাল হোসেন, দর্শনা ট্রাক মালিক সমিতির সাধারণ সম্পাদক সোহেল তরফদার, পিন্টু শাহ, উপজেলা পূজা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার দেব নাথ, ওমেন্স ক্লাবের সভাপতি কামরুনাহার রাণী শাহ এবং সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না।

উৎসবে বক্তব্য রাখেন ওমেন্স ক্লাবের সভাপতি রাণী শাহসহ অন্যান্য অতিথিরা। দিনব্যাপী উৎসবে মোট ১৫টি স্টল অংশগ্রহণ করে। প্রদর্শিত পিঠার মধ্যে সাদের আঙ্গিনা প্রথম স্থান অর্জন করে, পল্লী পিঠা ঘর দ্বিতীয় স্থান এবং সায়ন পিঠা ঘর তৃতীয় স্থান অর্জন করে।

সন্ধ্যায় আচঁল ব্যান্ডের সংগীত পরিবেশনায় লোক সংগীত উপভোগ করা যায়। অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের উপ-সহকারী অধ্যাপক মরিয়ম মারুফা, প্রভাষক মিল্টন কুমার সাহ এবং ওমেন্স ক্লাবের সাধারণ সম্পাদক শাহিনা আজাদ স্বপ্না খাতুন।

দর্শনায় ধানের শীষে ভোট চেয়ে শ্রমিক দলের গণসংযোগ

চুয়াডাঙ্গার দর্শনায় জেলা শ্রমিক দলের উদ্যোগে চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু পক্ষে আগামী সংসদ নির্বাচনে ধানের শীষ মার্কায় ভোট চাওয়া ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় দর্শনা বাস স্ট্যান্ডে এ কার্যক্রম সম্পন্ন হয়।

গণসংযোগ পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সম্পাদক মোঃ শফিকুল ইসলাম সাবু তরফদার। এ সময় তিনি বিভিন্ন দোকান ও সাধারণ মানুষের কাছে ধানের শীষ মার্কায় ভোট চেয়ে বিএনপির ৩১ দফা লিফলেট বিতরণ করেন।

তিনি বলেন, “চুয়াডাঙ্গা-২ আসনের বিএনপির মনোনীত প্রার্থী, বিজিএমই সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু ভাইকে ধানের শীষে ভোট দিয়ে জয়যুক্ত করলে এলাকার ব্যাপক উন্নয়ন সম্ভব হবে।”

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ ফারুক, প্রচার সম্পাদক শওকত আলি লিটন, শ্রমিকদল নেতা ও দর্শনা থানা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আলমগীর হোসেন মোল্লা, শ্রমিক দল নেতা খন্দকার মুন্নাফ, জেলা শ্রমিক দলের সদস্য আব্দুর রাজ্জাক, শ্রমিক দল নেতা জহুরুল ইসলাম, জাহাঙ্গীর, সোহরাব হোসেন, নাদের হোসেন, জাহিদুল ইসলাম জাহিদ প্রমুখ।

দর্শনায় দারুল হিকমা

ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির বার্ষিক প্রদর্শনী

দর্শনায় দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির আয়োজনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। যেখানে বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষার্থীদের সুশিক্ষা প্রদান করা হচ্ছে।

প্রধান অতিথির বক্তব্যে বক্তারা বলেন, বিগত ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের সময় শিক্ষাব্যবস্থা ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছিল। প্রাথমিক শিক্ষার মান নিম্নমুখী হয়ে পড়ে। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ অথচ পরিকল্পিতভাবে শিক্ষাব্যবস্থা ভেঙে ফেলা হয়েছিল। প্রাথমিক শিক্ষার বইয়ে মানহীন গল্প-কাহিনী যুক্ত করে একটি বিভ্রান্তিকর শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা করা হয়।

বক্তারা আরও বলেন, দর্শনা দারুল হিকমা ইন্টারন্যাশনাল ক্যাডেট একাডেমির মতো প্রতিষ্ঠানগুলো শিশুদের বাংলা, ইংরেজি, অ্যারাবিয়ান, অঙ্ক ও ধর্মীয় শিক্ষায় আলোকিত করছে যা সত্যিই প্রশংসনীয়। অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি প্রমাণ করে তারা তাদের সন্তানদের উন্নতমানের শিক্ষায় শিক্ষিত করতে আগ্রহী।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে একাডেমির ভবনের সামনে বার্ষিক প্রদর্শনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এ সময় দর্শনা পৌর বিএনপি সমন্বয় কমিটির অন্যতম নেতা ও মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি আলহাজ মোঃ মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির পরিচালক মাওলানা আমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাবিলনগর আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক, পিএইচডি গবেষক মোঃ আরিফুল ইসলাম হাওলাদার, চুয়াডাঙ্গা সদর উপজেলা সমবায় কর্মকর্তা আব্দুল আওয়াল, দর্শনা পৌর জামায়াতে ইসলামী সভাপতি সাদিকুজ্জামান অপু, দর্শনা প্রেসক্লাব সভাপতি ইকরামুল হক পিপুল, বিশিষ্ট সমাজসেবক আয়ুব আলী, মোঃ আমিনুল ইসলাম, বিএনপি নেতা ইস্থানুল ইসলাম, সমাজসেবক নজরুল ইসলাম, অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা মনিরুল ইসলাম প্রমুখ।